# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ
## (২০২৫ ইং সনের ১৫৬নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৩ জুলাই, ২০২৫খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইলঃ

**১.　বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া**
**এবং**
**বিচারপতি মোঃ বশির উল্লাহ**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ২০২০ সাল পর্যন্ত সকল প্রকার রীট বিষয়াদি; অগ্রাধিকার ভিত্তিতে পুরাতন রীট মোকদ্দমা শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং তৎসংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। **এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।**

**২.　বিচারপতি মোঃ জাকির হোসেন**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে **দেওয়ানী মোশন;** দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

**উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি,২০২১খ্রিঃ তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার** দেওয়ানী **মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।**

**বাংলাদেশের প্রধান বিচারপতি**
তারিখঃ- ৮ জুলাই, ২০২৫খ্রিঃ

প্রচারের জন্য ঃ-

১।　বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া

২।　বিচারপতি মোঃ জাকির হোসেন

৩।　বিচারপতি মোঃ বশির উল্লাহ